

## ষষ্ঠদশ অধ্যায়

### পরিমিতি

#### অনুশীলনী ১৬.১

#### অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১ ১ একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ 25 মিটার। এর একটি বাহু অপরটির  $\frac{3}{4}$  অংশ হলে, বাহু দুইটির দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান : মনে করি, ABC সমকোণী ত্রিভুজের অতিভুজ, AC = 25 মিটার, BC = x মিটার এবং AB =  $\frac{3x}{4}$  মিটার।

পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী,

$$AB^2 + BC^2 = AC^2$$

$$\text{বা, } \left(\frac{3x}{4}\right)^2 + x^2 =$$

$$(25)^2$$

$$\text{বা, } \frac{9x^2}{16} + x^2 =$$

$$625$$

$$\text{বা, } \frac{9x^2 + 16x^2}{16} =$$

$$625$$

$$\text{বা, } 25x^2 = 625 \times$$


$$16$$

$$\text{বা, } x^2 = \frac{625 \times 16}{25} = 400$$

$$\therefore x = \sqrt{400} = \sqrt{(20)^2} = 20$$

[দৈর্ঘ্য ঋণাত্মক হতে পারে না তাই ধনাত্মক মান নেওয়া হলো]

$\therefore$  একটি বাহুর দৈর্ঘ্য = 20 মিটার




∴ অপর বাহুটির দৈর্ঘ্য =  $20 \times \frac{3}{4}$  মিটার বা 15 মিটার

নির্ণেয় বাহু দুইটির দৈর্ঘ্য যথাক্রমে 20 মিটার এবং 15 মিটার।

প্রশ্ন ২ ২ ২০ মিটার লম্বা একটি মই দেওয়ালের সাথে খাড়াভাবে আছে। মইটির গোড়া দেওয়াল থেকে কত দূরে সরালে ওপরের প্রান্ত 4 মিটার নিচে নামবে?

সমাধান :

মনে করি, AC মইয়ের গোড়া C থেকে D বিন্দুতে সরালে ওপরের প্রান্ত A থেকে 4 মিটার নিচে B বিন্দুতে নামবে। মইয়ের দৈর্ঘ্য = AC = BD = 20 মি. এবং AB = 4 মি.



∴ BC = (20 - 4) মিটার = 16 মিটার

এখন, সমকোণী ত্রিভুজ BCD এ  $BC^2 + CD^2 = BD^2$

বা,  $CD^2 = BD^2 - BC^2$

$$= (20)^2 - (16)^2 = 400 - 256 = 144$$

∴ CD = 12

দেওয়াল থেকে মইটির গোড়ার দূরত্ব 12 মিটার। (Ans.)


প্রশ্ন ৩ ৩ একটি সমদ্বিবাহু ত্রিভুজের পরিসীমা 16 মিটার। এর সমান সমান বাহুর দৈর্ঘ্য ভূমির  $\frac{5}{6}$  অংশ হলে,

ত্রিভুজক্ষেত্রটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : মনে করি, ABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ এবং এর

ভূমি = x মিটার

$$\therefore AB = AC = \frac{5x}{6}$$



প্রশ্নানুসারে,  $x + \frac{5x}{6} +$

$$\frac{5x}{6} = 16$$

বা,  $16x = 96$  বা,  $x$   
 $= 6$

অতএব,  $BC = 6$   
মিটার এবং

$$AB = AC = \frac{5 \times 6}{6} = 5 \text{ মিটার}$$

ধরি,  $a = 6$  মি.,  $b = 5$  মি.,  $c = 5$  মি.

$\Delta$  ক্ষেত্র ABC এর পরিসীমা  $2s = (6 + 5 + 5)$  মিটার  
 $= 16$  মিটার  
 $\therefore s = 8$  মিটার

$\therefore \Delta$  ক্ষেত্র ABC এর ক্ষেত্রফল

$$\begin{aligned} &= \sqrt{s(s-a)(s-b)(s-c)} \text{ বর্গমিটার} \\ &= \sqrt{8(8-6)(8-5)(8-5)} \text{ বর্গমিটার} \\ &= \sqrt{8 \times 2 \times 3 \times 3} \text{ বর্গমিটার} \\ &= \sqrt{144} \text{ বর্গমিটার} \\ &= 12 \text{ বর্গমিটার} \end{aligned}$$

ত্রিভুজক্ষেত্রটির ক্ষেত্রফল 12 বর্গমিটার। (Ans.)

প্রশ্ন ॥ ৪ ॥ একটি ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য 25 সে. মি., 27 সে. মি. এবং পরিসীমা 84 সে. মি.।  
ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : মনে করি, ABC ত্রিভুজটির দুইটি বাহুর দৈর্ঘ্য  $BC = a = 25$  সে.মি. ও  $AC = b = 27$  সে.  
মি.

এবং পরিসীমা  $2s = 84$  সে. মি.

$$\therefore s = \frac{84}{2} \text{ সে. মি.} = 42 \text{ সে. মি.}$$

ধরি, ত্রিভুজটির অপর বাহুর দৈর্ঘ্য  $= AB = c$

আমরা জানি,  $2s = a + b + c$


$$\text{বা, } 84 = 25 + 27 + c$$

$$\text{বা, } 84 = 52 + c$$

$$\text{বা, } c = 84 - 52$$

$$\therefore c = 32$$

ত্রিভুজটির অপর বাহুর দৈর্ঘ্য  $AB = c = 32$  সে. মি.



$$\begin{aligned}\therefore \Delta ABC \text{ এর ক্ষেত্রফল} &= \sqrt{s(s-a)(s-b)(s-c)} \text{ বর্গ একক} \\ &= \sqrt{42(42-25)(42-27)(42-32)} \text{ বর্গ সে.মি.} \\ &= \sqrt{42 \times 17 \times 15 \times 10} \text{ বর্গ সে.মি.} \\ &= \sqrt{107100} \text{ বর্গ সে.মি.} \\ &= 327.26 \text{ বর্গ সে.মি.}\end{aligned}$$

অতএব, ত্রিভুজটির ক্ষেত্রফল 327.26 বর্গ সে. মি. (প্রায়) (Ans.)

প্রশ্ন ১৫ একটি সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 2 মিটার বাড়ালে এর ক্ষেত্রফল  $6\sqrt{3}$  বর্গমিটার বেড়ে যায়। ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান : মনে করি, সমবাহু ত্রিভুজটির প্রত্যেক বাহুর দৈর্ঘ্য = a মিটার।

অতএব, সমবাহু ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল =  $\frac{\sqrt{3}a^2}{4}$  বর্গমিটার।

প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 2 মিটার বাড়ালে ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল হবে

$$= \frac{\sqrt{3}(a+2)^2}{4} \text{ বর্গমিটার} = \frac{\sqrt{3}(a^2+4a+4)}{4} \text{ বর্গমিটার}$$

$$\therefore \text{প্রশ্নানুসারে, } \frac{\sqrt{3}(a^2+4a+4)}{4} = \frac{\sqrt{3}a^2}{4} + 6\sqrt{3}$$

$$\text{বা, } \sqrt{3}(a^2+4a+4) = \sqrt{3}a^2 + 24\sqrt{3}$$

$$\text{বা, } a^2+4a+4 = a^2+24$$

$$\text{বা, } a^2+4a-a^2 = 24-4$$

$$\text{বা, } 4a = 20$$

$$\text{বা, } a = \frac{20}{4} \therefore a = 5$$

অতএব, সমবাহু ত্রিভুজটির প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 5 মিটার। (Ans.)

প্রশ্ন ১৬ ৥ একটি ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 26 মিটার, 28 মিটার এবং ক্ষেত্রফল 182 বর্গমিটার হলে, বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ নির্ণয় কর।


সমাধান : মনে করি, ত্রিভুজের বাহুদ্বয় যথাক্রমে  $a = 26$  মিটার ও  $b = 28$  মিটার এবং ক্ষেত্রফল = 182 বর্গমিটার।

ধরি, বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ =  $\theta$

আমরা জানি,

ত্রিভুজের ক্ষেত্রফল =

$$\frac{1}{2}absin\theta$$



$$\text{বা, } 182 = \frac{1}{2} \times 26$$

$$\times 28 \times sin\theta$$

$$\text{বা, } 182 = 13 \times 28 \times sin\theta$$

$$\text{বা, } 182 = 364sin\theta$$

$$\text{বা, } 364sin\theta = 182$$

$$\text{বা, } sin\theta = \frac{182}{364} = \frac{1}{2} = sin30^\circ$$

$$\therefore \theta = 30^\circ$$

সুতরাং বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ  $30^\circ$  (Ans.)


প্রশ্ন ১৭ ৥ একটি সমকোণী ত্রিভুজের লম্ব ভূমির  $\frac{11}{12}$  অংশ থেকে 6 সে.মি. কম এবং অতিভুজ ভূমির  $\frac{4}{3}$  অংশ

থেকে 3 সে.মি. কম। ত্রিভুজটির ভূমির দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান : ABC সমকোণী ত্রিভুজের  $\angle B =$  সমকোণ

তাহলে BC ভূমি, AB লম্ব এবং AC অতিভুজ

মনে করি, ভূমি BC = x সে. মি.



শর্তানুযায়ী, লম্ব AB =  $\left(x \text{ এর } \frac{11}{12} - 6\right)$  সে. মি.

$$= \left(\frac{11x}{12} - 6\right) \text{ সে. মি.} = \left(\frac{11x - 72}{12}\right) \text{ সে. মি.}$$

এবং অতিভুজ AC =  $\left(x \text{ এর } \frac{4}{3} - 3\right)$  সে. মি.

$$= \left(\frac{4x}{3} - 3\right) \text{ সে. মি.} = \left(\frac{4x - 9}{3}\right) \text{ সে.মি.}$$

পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী,  $AB^2 + BC^2 = AC^2$

$$\text{বা, } \left(\frac{11x - 72}{12}\right)^2 + x^2 = \left(\frac{4x - 9}{3}\right)^2$$

$$\text{বা, } \frac{121x^2 - 1584x + 5184}{144} + x^2 = \frac{16x^2 - 72x + 81}{9}$$

$$\text{বা, } \frac{121x^2 - 1584x + 5184 + 144x^2}{144} = \frac{16x^2 - 72x + 81}{9}$$

$$\text{বা, } \frac{265x^2 - 1584x + 5184}{16} = 16x^2 - 72x + 81$$

$$\text{বা, } 265x^2 - 1584x + 5184 = 256x^2 - 1152x + 1296$$

$$\text{বা, } 265x^2 - 256x^2 - 1584x + 1152x + 5184 - 1296 = 0$$

$$\text{বা, } 9x^2 - 432x + 3888 = 0$$

$$\text{বা, } 9(x^2 - 48x + 432) = 0$$

$$\text{বা, } x^2 - 48x + 432 = 0$$

$$\text{বা, } x^2 - 36x - 12x + 432 = 0$$

$$\text{বা, } x(x - 36) - 12(x - 36) = 0$$

$$\text{বা, } (x - 36)(x - 12) = 0$$

$$\text{হয়, } x - 36 = 0 \quad \text{অথবা, } x - 12 = 0$$


$$\therefore x = 36 \quad \therefore x = 12$$

নির্ণেয় ত্রিভুজটির ভূমির দৈর্ঘ্য 36 সে. মি. অথবা 12 সে. মি.।

প্রশ্ন ৯ ৮ ৯ একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহুর দৈর্ঘ্য 10 মিটার এবং ক্ষেত্রফল 48 বর্গমিটার হলে, ভূমির দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান : মনে করি, সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহুর দৈর্ঘ্য  $a = 10$  মিটার এবং ভূমির দৈর্ঘ্য  $b$  মিটার।

$$\therefore \text{এর ক্ষেত্রফল} = \frac{b}{4}$$



$$\sqrt{4a^2 - b^2}$$

$$\text{প্রশ্নমতে, } \frac{b}{4} \sqrt{4a^2 - b^2}$$

$$= 48$$

$$\text{বা, } \frac{b}{4}$$

$$\sqrt{4 \times (10)^2 - b^2} = 48$$

$$\text{বা, } \frac{b}{4} \sqrt{4 \times 100 - b^2} = 48$$

$$\text{বা, } b \sqrt{400 - b^2} = 192$$

$$\text{বা, } b^2 (400 - b^2) = 36864 \text{ [উভয়পক্ষকে বর্গ করে]}$$

$$\text{বা, } 400b^2 - b^4 - 36864 = 0$$

$$\text{বা, } b^4 - 400b^2 + 36864 = 0$$

$$\text{বা, } b^4 - 256b^2 - 144b^2 + 36864 = 0$$

$$\text{বা, } b^2(b^2 - 256) - 144(b^2 - 256) = 0$$

$$\text{বা, } (b^2 - 256)(b^2 - 144) = 0$$

$$\text{হয়, } b^2 - 256 = 0 \text{ অথবা, } b^2 - 144 = 0$$

$$\text{বা, } b^2 = 256 \quad \text{বা, } b^2 = 144$$

$$\text{বা, } b^2 = (16)^2 \quad \text{বা, } b^2 = (12)^2$$


$$\therefore b = 16 \quad \therefore b = 12$$

নির্ণেয় সমবাহু ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য 12 অথবা 16 মিটার।

প্রশ্ন ৯ ৯ একটি নির্দিষ্ট স্থান থেকে দুইটি রাস্তা পরস্পর  $135^\circ$  কোণ করে দুইদিকে চলে গেছে। দুইজন লোক ঐ নির্দিষ্ট স্থান থেকে যথাক্রমে ঘণ্টায় 7 কিলোমিটার ও ঘণ্টায় 5 কিলোমিটার বেগে বিপরীত মুখে রওনা হলো। 4 ঘণ্টা পর তাদের মধ্যে সরাসরি দূরত্ব নির্ণয় কর।

সমাধান :

মনে করি, A থেকে দুইজন লোক যথাক্রমে ঘণ্টায় 7 কি. মি. ও ঘণ্টায় 5 কি. মি. বেগে রওনা হয়ে 4 ঘণ্টা পর B ও C বিন্দুতে এসে পৌঁছাল। তাহলে 4 ঘণ্টা পর তাদের মধ্যে সরাসরি দূরত্ব হবে



BC.

C থেকে BA বাহুর বর্ধিতাংশের ওপর CD লম্ব টানি।

তাহলে,  $AB = 7 \times 4$  কি. মি. = 28 কি. মি.

$AC = 5 \times 4$  কি. মি. = 20 কি. মি.

$\angle BAC = 135^\circ$

অতএব,  $\angle CAD = 45^\circ$

এখন, ACD সমকোণী ত্রিভুজ থেকে পাই,

$$\frac{CD}{AC} = \sin 45^\circ \text{ এবং } \frac{AD}{AC} = \cos 45^\circ$$

$$\therefore CD = AC \cdot \sin 45^\circ = 20 \times \frac{1}{\sqrt{2}} = 10 \times \sqrt{2} \times \frac{1}{\sqrt{2}} = 10\sqrt{2}$$

$$\text{এবং } AD = AC \cos 45^\circ = 20 \times \frac{1}{\sqrt{2}} = 10 \times \sqrt{2} \times \frac{1}{\sqrt{2}} = 10\sqrt{2}$$

অতএব, CBD সমকোণী ত্রিভুজ থেকে পাই,

$$\begin{aligned} BC^2 &= BD^2 + CD^2 = (BA + AD)^2 + CD^2 \\ &= (28 + 10\sqrt{2})^2 + (10\sqrt{2})^2 \\ &= (28 + 14.14)^2 + (10\sqrt{2})^2 \\ &= (42.14)^2 + (10\sqrt{2})^2 \\ &= 1775.78 + 200 = 1975.78 \end{aligned}$$


$$\therefore BC = \sqrt{1975.78} = 44.44 \text{ (প্রায়)}$$

অতএব, দুইজন লোকের মধ্যে সরাসরি দূরত্ব 44.44 কি. মি. (প্রায়) (Ans.)

প্রশ্ন ১০ ৥ একটি সমবাহু ত্রিভুজের অভ্যন্তরস্থ একটি বিন্দু থেকে বাহু তিনটির ওপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য যথাক্রমে 6 সে.মি., 7 সে.মি. ও 8 সে.মি.। ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য এবং ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান :

মনে করি, ABC সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য = a সে.মি.



ত্রিভুজের অভ্যন্তরে O বিন্দু হতে বাহুগুলোর উপর লম্বের দৈর্ঘ্য যথাক্রমে  $OE = 6$

সে.মি.,  $OF = 7$  সে.মি.

এবং  $OD = 8$  সে.মি.।

এখন  $O$  হতে কৌণিক বিন্দুগুলো যোগ করে তিনটি ত্রিভুজ ক্ষেত্রে ভাগ করা হলো।

$\Delta$  ক্ষেত্র  $AOB$  এর ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \times \text{ভূমি} \times \text{উচ্চতা} = \frac{1}{2} a \times OF$$

$$= \frac{a}{2} \times 7 \text{ বর্গ সে.মি.} = \frac{7a}{2} \text{ বর্গ সে.মি.}$$

$\Delta$  ক্ষেত্র  $AOC$  এর ক্ষেত্রফল  $= \frac{1}{2} a \times OE$

$$= \frac{a}{2} \times 6 \text{ বর্গ সে.মি.}$$

$$= 3a \text{ বর্গ সে.মি.}$$

$\Delta$  ক্ষেত্র  $BOC$  এর ক্ষেত্রফল  $= \frac{1}{2} a \times OD$

$$= \frac{1}{2} a \times 8 \text{ বর্গ সে.মি.}$$

$$= 4a \text{ বর্গ সে.মি.}$$

আমরা জানি, সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল  $= \frac{\sqrt{3}}{4} a^2$

সুতরাং  $\Delta$  ক্ষেত্র  $ABC$  এর ক্ষেত্রফল  $= \frac{\sqrt{3}}{4} a^2$

প্রশ্নমতে,  $\frac{\sqrt{3}}{4} a^2 = \frac{7a}{2} + 3a + 4a$

বা,  $\frac{\sqrt{3}}{4} a^2 = a \left( \frac{7}{2} + 3 + 4 \right)$

বা,  $\frac{\sqrt{3}}{4} a = \frac{7}{2} + 7$  [উভয়পক্ষকে  $a$  দ্বারা ভাগ করে]

বা,  $\frac{\sqrt{3}}{4} a = \frac{7 + 14}{2}$

বা,  $\sqrt{3}a = \frac{21 \times 4}{2}$

বা,  $\sqrt{3}a = 42$

$$\text{বা, } (\sqrt{3}a)^2 = (42)^2 \quad [\text{উভয়পক্ষকে বর্গ করে}]$$

$$\text{বা, } 3a^2 = 1764$$

$$\text{বা, } a^2 = \frac{1764}{3} = 588$$

$$\text{বা, } a = \sqrt{588}$$

$$= \sqrt{196 \times 3}$$

$$= \sqrt{(14)^2 \times 3}$$

$$\therefore a = 14\sqrt{3} \text{ সে.মি.}$$

$$= 24.249 \text{ সে.মি. (প্রায়)}$$

প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 24.249 সে.মি. (প্রায়)

$$\text{এবং ক্ষেত্রফল} = \frac{\sqrt{3}}{4} a^2 = \frac{\sqrt{3}}{4} (588)$$

$$= 147\sqrt{3}$$

$$= 254.61 \text{ বর্গ সে.মি. (প্রায়)}$$

অতএব, ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য 24.249 সে.মি. (প্রায়) এবং ক্ষেত্রফল 254.611 বর্গ সে.মি. (প্রায়)।

(Ans.)

## অনুশীলনী ১৬.২

### অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১ ১ একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল 512 বর্গমিটার হলে, পরিসীমা নির্ণয় কর।

সমাধান : মনে করি, আয়তাকার ক্ষেত্রের বিস্তার (প্রস্থ) = x মি.

$$\therefore \text{আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য} = 2x \text{ মি.}$$

$$\therefore \text{আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল} = 2x \times x = 2x^2 \text{ বর্গ মি.}$$

$$\text{প্রশ্নানুসারে, } 2x^2 = 512 \text{ বা, } x^2 = 256 \therefore x = 16$$

অতএব, আয়তাকার ক্ষেত্রের প্রস্থ = 16 মি.

এবং আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য =  $2 \times 16$  মি. বা 32 মি.

$$\therefore \text{আয়তাকার ক্ষেত্রের পরিসীমা} = 2(32 + 16) \text{ মিটার}$$

$$= 96 \text{ মিটার (Ans.)}$$

প্রশ্ন ॥ ২ ॥ একটি জমির দৈর্ঘ্য 80 মিটার এবং প্রস্থ 60 মিটার। ঐ জমির মাঝে একটি পুকুর খনন করা হলো। যদি পুকুরের প্রত্যেক পাড়ের বিস্তার 4 মিটার হয়, তবে পুকুরের পাড়ের ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে, জমির দৈর্ঘ্য = 80 মিটার

$$\text{এবং প্রস্থ} = 60 \text{ মিটার}$$

$$\begin{aligned} \therefore \text{জমির ক্ষেত্রফল} &= \text{জমির দৈর্ঘ্য} \times \text{জমির প্রস্থ} \\ &= (80 \times 60) \text{ মিটার বা } 4800 \text{ বর্গমিটার} \end{aligned}$$

$$\begin{aligned} \text{পাড় বাদে পুকুরের দৈর্ঘ্য} &= (80 - 2 \times 4) \text{ মিটার} \\ &= (80 - 8) \text{ মিটার বা } 72 \text{ মিটার} \end{aligned}$$

$$\begin{aligned} \text{পুকুরের প্রস্থ} &= (60 - 2 \times 4) \text{ মিটার} \\ &= (60 - 8) \text{ মিটার বা } 52 \text{ মিটার} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{পাড় বাদে পুকুরের ক্ষেত্রফল} &= (72 \times 52) \text{ বর্গমিটার} \\ &= 3744 \text{ বর্গমিটার} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{পুকুরের পাড়ের ক্ষেত্রফল} &= \text{জমির ক্ষেত্রফল} - \text{পুকুরের ক্ষেত্রফল} \\ &= (4800 - 3744) \text{ বর্গমিটার} \\ &= 1056 \text{ বর্গমিটার (Ans.)} \end{aligned}$$

প্রশ্ন ॥ ৩ ॥ একটি বাগানের দৈর্ঘ্য 40 মিটার এবং প্রস্থ 30 মিটার। বাগানের ভিতরে সমান পাড়বিশিষ্ট একটি পুকুর আছে। পুকুরের ক্ষেত্রফল বাগানের ক্ষেত্রফলের  $\frac{1}{2}$  অংশ হলে, পুকুরের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর।

সমাধান : ধরি, পুকুর পাড়ের প্রস্থ = x মি.

এখানে, বাগানের দৈর্ঘ্য = 40 মি.

এবং বাগানের প্রস্থ = 30 মি.

$$\therefore \text{বাগানের ক্ষেত্রফল} = (40 \times 30) \text{ বর্গমি. বা } 1200 \text{ বর্গমি.}$$

$$\therefore \text{পাড়বাদে পুকুরের দৈর্ঘ্য} = (40 - 2x) \text{ মি.}$$

এবং পাড়বাদে পুকুরের প্রস্থ =  $(30 - 2x)$  মি.

$$\text{পাড়বাদে পুকুরের ক্ষেত্রফল} = (40 - 2x)(30 - 2x) \text{ বর্গমি.}$$

শর্তানুসারে,

$$\text{পুকুরের ক্ষেত্রফল} = \frac{1}{2} \times \text{বাগানের ক্ষেত্রফল}$$

$$\text{বা, } (40 - 2x)(30 - 2x) = \frac{1}{2} \times 1200$$

$$\text{বা, } 1200 - 80x - 60x + 4x^2 = 600$$

$$\text{বা, } 4x^2 - 140x + 1200 - 600 = 0$$

$$\text{বা, } 4x^2 - 140x + 600 = 0$$

$$\text{বা, } 4(x^2 - 35x + 150) = 0$$

$$\text{বা, } x^2 - 30x - 5x + 150 = 0$$

$$\text{বা, } x(x - 30) - 5(x - 30) = 0$$

$$\text{বা, } (x - 30)(x - 5) = 0$$

$$\text{হয়, } (x - 30) = 0 \quad \text{অথবা, } (x - 5) = 0$$

$$\therefore x = 30 \quad \therefore x = 5$$

কিন্তু পুকুরের পাড়ের প্রস্থ বাগানের প্রস্থের সমান হতে পারে না।

$$\therefore x = 5 \quad \text{অর্থাৎ, পুকুর পাড়ের প্রস্থ} = 5 \text{ মিটার}$$

$$\therefore \text{পুকুরের দৈর্ঘ্য} = (40 - 2x) \text{ মিটার}$$

$$= (40 - 2 \times 5) \text{ মিটার}$$

$$= (40 - 10) \text{ মিটার} = 30 \text{ মিটার}$$

$$\text{এবং পুকুরের প্রস্থ} = (30 - 2x) \text{ মিটার}$$

$$= (30 - 2 \times 5) \text{ মিটার}$$

$$= (30 - 10) \text{ মিটার} = 20 \text{ মিটার}$$

নির্ণেয় পুকুরের দৈর্ঘ্য 30 মি. এবং প্রস্থ 20 মি.

**প্রশ্ন ৯** ৯ একটি বর্গাকার মাঠের বাইরে চারদিকে 5 মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তার ক্ষেত্রফল 500

বর্গমিটার হলে, মাঠের ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : মনে করি, বর্গাকার মাঠের এক বাহুর দৈর্ঘ্য  $x$  মিটার

$$\therefore \text{বর্গাকার মাঠের ক্ষেত্রফল} = x^2 \text{ বর্গ মি.}$$

$$\text{রাস্তার ক্ষেত্রফল} = 500 \text{ বর্গ মি.}$$

$$\text{অতএব, রাস্তাসহ মাঠের ক্ষেত্রফল} = (x + 500) \text{ বর্গমি.} \dots \dots \dots \text{(i)}$$

$$\text{আবার, রাস্তাসহ বর্গাকার মাঠের দৈর্ঘ্য} = (x + 2 \times 5) \text{ মি.}$$

$$= (x + 10) \text{ মি.}$$

$$\text{” ” ” ক্ষেত্রফল} = (x + 10)^2 \text{ বর্গমি.}$$

$$= (x^2 + 20x + 100) \text{ বর্গমিটার} \dots \dots \dots \text{(ii)}$$

সমীকরণ (i) ও (ii) থেকে পাই,  $x^2 + 20x + 100 = x^2 + 500$

$$\text{বা, } 20x = 400 \therefore x = 20$$

অতএব, মাঠের ক্ষেত্রফল =  $x^2$  বর্গ মি. =  $20^2$  বর্গমি.

$$= 400 \text{ বর্গমিটার। (Ans.)}$$

প্রশ্ন ৯ ৯ একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য প্রস্থের তিনগুণ এবং ক্ষেত্রফল 768 বর্গমিটার। প্রতিটি 40 সে.মি. বর্গাকার পাথর দিয়ে বর্গক্ষেত্রটি বাঁধতে মোট কতটি পাথর লাগবে?

সমাধান : মনে করি, আয়তক্ষেত্রের প্রস্থ =  $x$  মি.

$$\text{আয়তক্ষেত্রের দৈর্ঘ্য} = 3x \text{ মি.}$$

$$\therefore \text{আয়তক্ষেত্রের ক্ষেত্রফল} = 3x^2 \text{ মি.}$$

প্রশ্নানুসারে,  $3x^2 = 768$  বা,  $x^2 = 256 \therefore x = 16$

অর্থাৎ, আয়তক্ষেত্রের প্রস্থ = 16 মি.

$$\therefore \text{আয়তক্ষেত্রের দৈর্ঘ্য} = 3 \times 16 \text{ মি. বা } 48 \text{ মি.}$$

অতএব, আয়তক্ষেত্রের পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ)

$$= 2(48 + 16) \text{ মি. বা } 128 \text{ মি.}$$

অতএব, বর্গক্ষেত্রের পরিসীমা = 128 মিটার

$$\therefore \text{এক বাহুর দৈর্ঘ্য} = (128 \div 4) \text{ মি. বা } 32 \text{ মি.}$$

$$\therefore \text{ক্ষেত্রফল} = (32)^2 \text{ বর্গমি. বা } 1024 \text{ বর্গমি.}$$

একটি পাথরের ক্ষেত্রফল =  $(0.4)^2$  বর্গমি. বা 0.16 বর্গমি.

$$\therefore \text{মোট পাথর লাগবে} = (1024 \div 0.16) \text{টি বা } 6400 \text{টি। (Ans.)}$$

প্রশ্ন ১০ একটি আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল 160 বর্গমিটার। যদি এর দৈর্ঘ্য 6 মিটার কম হয়, তবে ক্ষেত্রটি বর্গাকার হয়। আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর।

সমাধান : মনে করি, আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য =  $x$  মি.

$$\text{এবং আয়তাকার ক্ষেত্রের প্রস্থ} = y \text{ মি.}$$

$$\therefore \text{আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল} = xy \text{ বর্গমি.}$$

প্রশ্নানুসারে,  $xy = 160$  ..... (i)

আবার শর্তানুসারে,  $x - 6 = y$

$$\text{বা, } x = y + 6 \text{ ..... (ii)}$$

এখন,  $x$  এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,

$$(y + 6)y = 160$$

$$\text{বা, } y^2 + 6y - 160 = 0$$

$$\text{বা, } y^2 + 16y - 10y - 160 = 0$$

$$\text{বা, } (y + 16)(y - 10) = 0$$

$$\text{হয়, } y + 16 = 0 \text{ অথবা, } y - 10 = 0$$

$$\therefore y = -16 \quad \therefore y = 10$$

কিন্তু  $y = -16$  গ্রহণযোগ্য নয়।

$$\therefore y = 10$$

এখন (ii) নং সমীকরণ থেকে পাই,

$$x = 10 + 6 \therefore x = 16$$

আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য 16 মিটার এবং প্রস্থ 10 মিটার। (Ans.)

প্রশ্ন ॥ ৭ ॥ একটি সামান্তরিকের ভূমি উচ্চতার  $\frac{3}{4}$  অংশ এবং ক্ষেত্রফল 363 বর্গমিটার হলে, ক্ষেত্রটির ভূমি ও উচ্চতা নির্ণয় কর।

সমাধান : মনে করি, সামান্তরিকের উচ্চতা  $h = x$  মিটার

$$\therefore \text{সামান্তরিকের ভূমি } b = \frac{3x}{4} \text{ মিটার}$$

$$\text{এবং ক্ষেত্রফল} = bh = \frac{3x}{4} \times x \text{ বা, } \frac{3x^2}{4} \text{ বর্গমিটার}$$

$$\text{প্রশ্নানুসারে, } \frac{3x^2}{4} = 363$$

$$\text{বা, } 3x^2 = 363 \times 4 \text{ বা, } x^2 = \frac{1452}{3}$$

$$\text{বা, } x^2 = 484 \therefore x = \sqrt{484} = 22$$

$$\therefore \text{সামান্তরিকের উচ্চতা} = 22 \text{ মিটার}$$

$$\text{এবং ভূমি} = \frac{3}{4} \times 22 \text{ মিটার} = 16.5 \text{ মিটার}$$

নির্ণেয় সামান্তরিকের ভূমি 16.5 মিটার এবং উচ্চতা 22 মিটার।

প্রশ্ন ॥ ৮ ॥ একটি সামান্তরিকক্ষেত্রের ক্ষেত্রফল একটি বর্গক্ষেত্রের সমান। সামান্তরিকের ভূমি 125 মিটার এবং উচ্চতা 5 মিটার হলে, বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান : সামান্তরিকের ভূমি 125 মিটার এবং উচ্চতা 5 মিটার

$$\begin{aligned}\text{সামান্তরিকের ক্ষেত্রফল} &= \text{ভূমি} \times \text{উচ্চতা} \\ &= 125 \times 5 \text{ বর্গমিটার} \\ &= 625 \text{ বর্গমিটার}\end{aligned}$$

$$\begin{aligned}\text{শর্তমতে, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল} &= \text{সামান্তরিকের ক্ষেত্রফল} \\ &= 625 \text{ বর্গমিটার}\end{aligned}$$

এখন, বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য  $a$  মিটার হলে, ক্ষেত্রফল  $= a^2$  বর্গমিটার  
তাহলে,  $a^2 = 625$  বর্গমিটার

$$\therefore \text{বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য, } a = \sqrt{625} \text{ মিটার} = 25 \text{ মিটার}$$

$$\therefore \text{বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য } a\sqrt{2} = 25\sqrt{2} = 35.35 \text{ মিটার (প্রায়)}$$

নির্ণেয় কর্ণের দৈর্ঘ্য 35.35 মিটার (প্রায়)।

প্রশ্ন ৯ একটি সামান্তরিকের বাহুর দৈর্ঘ্য 30 সে. মি. এবং 26 সে. মি.। এর ক্ষুদ্রতম কর্ণটি 28 সে.মি. হলে, অপর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর।


সমাধান :

মনে করি,

ABCD

একটি

সামান্তরিক



এখানে,

$\Delta ABC$  -

এর  $AB = a$

$= 26$  সে.মি.

$BC = b =$

$30$  সে. মি.

এবং  $AC =$

$c = 28$  সে.

মি.

$$\text{পরিসীমার অর্ধেক, } s = \frac{a + b + c}{2}$$

$$= \frac{26 + 30 + 28}{2} = \frac{84}{2} = 42 \text{ সে. মি.}$$

$$\Delta ABC \text{ এর ক্ষেত্রফল} = \sqrt{s(s-a)(s-b)(s-c)}$$

$$\begin{aligned}
&= \sqrt{42(42-26)(42-30)(42-28)} \text{ বর্গ সে. মি.} \\
&= \sqrt{42 \times 16 \times 12 \times 14} \text{ বর্গ সে. মি.} \\
&= \sqrt{14 \times 3 \times 16 \times 12 \times 14} \text{ বর্গ সে. মি.} \\
&= \sqrt{(14)^2 \times (4)^2 \times 36} \text{ বর্গ সে. মি.} \\
&= \sqrt{(14)^2 \times (4)^2 \times (6)^2} \text{ বর্গ সে. মি.} \\
&= 14 \times 4 \times 6 \text{ বর্গ সে. মি.} \\
&= 336 \text{ বর্গ সে. মি.}
\end{aligned}$$

আবার,  $\Delta ABC$ -এর ক্ষেত্রফল  $= \frac{1}{2} \times \text{ভূমি} \times \text{উচ্চতা}$

$$\begin{aligned}
&= \frac{1}{2} \times BC \times AE \quad [\text{এখানে AE উচ্চতা}] \\
&= \frac{1}{2} \times 30 \times AE \\
&= 15 AE \text{ বর্গ সে. মি.}
\end{aligned}$$

শর্তানুসারে,  $15 AE = 336$

$$\text{বা, } AE = \frac{336}{15} = 22.4 \text{ সে. মি.}$$

এখন, ABE সমকোণী ত্রিভুজে,

$$AE^2 + BE^2 = AB^2$$

$$\text{বা, } (22.4)^2 + BE^2 = (26)^2$$

$$\text{বা, } BE^2 = (26)^2 - (22.4)^2 = 676 - 501.76 = 174.24$$

$$\therefore BE = \sqrt{174.24} = 13.2 \text{ সে. মি.}$$

এখন,  $BF = BC + CF$

$$= BC + BE \quad [ \because BE = CF ]$$

$$= 30 + 13.2$$

$$= 43.2 \text{ সে. মি.}$$

সুতরাং, BDF সমকোণী ত্রিভুজে BD অতিভুজ

$$\therefore BD^2 = BF^2 + DF^2$$

$$= (43.2)^2 + (22.4)^2 \quad [ \because DF = AE ]$$

$$= 1866.24 + 501.76$$

$$= 2368 \text{ সে. মি.}$$

∴ সামান্তরিকের কর্ণ,  $BD = \sqrt{2368} = 48.66$  সে. মি.

সুতরাং কর্ণের দৈর্ঘ্য 48.66 সে. মি. (প্রায়)। (Ans.)

প্রশ্ন ॥ ১০ ॥ একটি রম্বসের পরিসীমা 180 সে. মি. এবং ক্ষুদ্রতম কর্ণটি 54 সে. মি.। এর অপর কর্ণ এবং ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : মনে করি

ABCD একটি রম্বস


এবং এর AC ও BD

কর্ণদ্বয় পরস্পর O

বিন্দুতে ছেদ করেছে।

রম্বসের পরিসীমা =

180 সে. মি.



এক বাহুর দৈর্ঘ্য =  $\frac{180}{4}$  সে. মি. বা 45 সে. মি.

ধরি, রম্বসের একটি কর্ণ,  $BD = 54$  সে.মি.

যেহেতু, রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

সুতরাং,  $OD = \frac{54}{2}$  সে. মি = 27 সে. মি.

এখন, COD সমকোণী ত্রিভুজে,

$CD = 45$  সে. মি. এবং  $OD = 27$  সে.মি.

সুতরাং,  $DO^2 + CO^2 = CD^2$  [ $\because$  CD = অতিভুজ]

$$\text{বা, } (27)^2 + CO^2 = (45)^2$$

$$\text{বা, } CO^2 = (45)^2 - (27)^2$$

$$\text{বা, } CO^2 = 2025 - 729$$

$$\text{বা, } CO^2 = 1296$$

$$\text{বা, } CO = \sqrt{1296} = 36 \text{ সে. মি.}$$

[ধনাত্মক মান নিয়ে, যেহেতু দৈর্ঘ্য ঋণাত্মক হতে পারে না]

অতএব, কর্ণ  $AC = 2CO = 2 \times 36$  সে. মি. = 72 সে. মি.

এখানে, BD বা,  $d_1 = 54$  সে. মি.

এবং AC বা  $d_2 = 72$  সে. মি.

অতএব, রম্বসের ক্ষেত্রফল =  $\frac{1}{2} \times d_1 \times d_2$

$$= \frac{1}{2} \times 54 \times 72 \text{ বর্গ সে. মি.}$$

$$= 1944 \text{ বর্গ সে. মি.}$$

নির্ণেয় অপর কর্ণ 72 সে. মি. এবং ক্ষেত্রফল 1944 বর্গ সে. মি.

প্রশ্ন ১১ ৥ একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহু দুইটির দৈর্ঘ্যের অন্তর 8 সে.মি. এবং এদের লম্ব দূরত্ব 24 সে.মি.। যদি এর ক্ষেত্রফল 312 বর্গ সে.মি. হয় ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান : মনে করি, ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহু দুইটি a ও b এবং তাদের মধ্যে লম্ব দূরত্ব h;

$$\text{অতএব, } 312 = \frac{1}{2} (a + b) \times h \text{ বা, } 312 = \frac{1}{2} (a + b) \times 24$$

$$\text{বা, } \frac{312 \times 2}{24} = a + b$$

$$\therefore a + b = 26 \text{ ..... (i)}$$

$$\text{প্রশ্নানুসারে, } a - b = 8 \text{ ..... (ii)}$$

$$\text{এখন, (i) + (ii) থেকে পাই, } 2a = 34 \therefore a = 17$$

$$\text{(i) - (ii) থেকে পাই, } 2b = 18 \therefore b = 9$$

$\therefore$  বাহু দুইটির দৈর্ঘ্য 17 সে.মি. ও 9 সে.মি. (Ans.)

প্রশ্ন ১২ ৥ একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 31 সে. মি. ও 11 সেন্টিমিটার এবং অপর বাহু দুইটির দৈর্ঘ্য যথাক্রমে 10 সে.মি. ও 12 সে. মি.। এর ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান :

ABCD


ট্রাপিজিয়ামের

সমান্তরাল বাহু

AB হতে DC

এর সমান AE

অংশ কেটে নিই।



$$\text{তাহলে, } AE = CD = 11 \text{ সে. মি.}$$

$$\text{সুতরাং, } BE = AB - AE = (31 - 11) \text{ সে. মি.}$$

$$= 20 \text{ সে. মি.}$$

$$\triangle BEC \text{ এর } CE = a = 10 \text{ সে. মি.}$$

$$BE = b = 20 \text{ সে. মি.}$$

এবং  $BC = c = 12$  সে. মি.

$$\text{পরিসীমার অর্ধেক, } s = \frac{a + b + c}{2}$$

$$= \frac{10 + 20 + 12}{2} = \frac{42}{2} \text{ সে. মি.} = 21 \text{ সে. মি.}$$

$$\Delta BCE \text{ এর ক্ষেত্রফল} = \sqrt{s(s-a)(s-b)(s-c)}$$

$$= \sqrt{21(21-10)(21-20)(21-12)} \text{ বর্গ সে.মি.}$$

$$= \sqrt{21 \times 11 \times 1 \times 9} \text{ বর্গ সে.মি.}$$

$$= 3\sqrt{21 \times 11} \text{ বর্গ সে.মি.}$$

$$= 45.5 \text{ বর্গ সে.মি.}$$

এখন,  $CF$ ,  $\Delta BEC$  এর উচ্চতা

$$\text{সুতরাং } \frac{1}{2} \times \text{ভূমি} \times \text{উচ্চতা} = \text{ত্রিভুজের ক্ষেত্রফল}$$

$$\text{বা, } \frac{1}{2} \times BE \times CF = 45.5$$

$$\text{বা, } \frac{1}{2} \times 20 \times CF = 45.5 \therefore CF = \frac{45.5}{10}$$

$$\text{ট্রাপিজিয়ামের উচ্চতা, } CF = \frac{45.5}{10} \text{ সে.মি.}$$

ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহু,  $a = 31$  সে.মি. এবং  $b = 11$  সে.মি.

$$\therefore \text{ক্ষেত্রফল} = \frac{1}{2} (a + b) h$$

$$= \frac{1}{2} (31 + 11) \times \frac{45.5}{10} \text{ বর্গ সে. মি.}$$


$$= \frac{1}{2} \times 42 \times \frac{45.5}{10} \text{ বর্গ সে.মি.}$$

$$= 21 \times \frac{45.5}{10} = \frac{957.5}{10} = 95.75 \text{ (প্রায়) বর্গ সে. মি. (Ans.)}$$

প্রশ্ন ॥ ১৩ ॥ একটি সুষম অষ্টভুজের কেন্দ্র থেকে কৌণিক বিন্দুর দূরত্ব 1.5 মিটার হলে, এর ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান :

মনে করি,  
 ABCDEFGH একটি  
 সুষম অষ্টভুজ। এর কেন্দ্র  
 O থেকে শীর্ষবিন্দুগুলো  
 যোগ করা হলো। ফলে ৪টি  
 সমান ক্ষেত্র বিশিষ্ট ত্রিভুজ  
 উৎপন্ন হয়।



$$\therefore \angle AOB = \frac{360^\circ}{8} =$$

$45^\circ$

মনে করি, কেন্দ্র O থেকে শীর্ষবিন্দুগুলোর দূরত্ব,  $a = 1.5$  মিটার

$$\begin{aligned} \therefore \Delta \text{ক্ষেত্র AOB-এর ক্ষেত্রফল} &= \frac{1}{2} a \cdot a \sin 45^\circ = \frac{1}{2} a^2 \sin 45^\circ \\ &= \frac{1}{2} \cdot (1.5)^2 \cdot \frac{1}{\sqrt{2}} = 0.795 \text{ বর্গমিটার} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{সুষম অষ্টভুজের ক্ষেত্রফল} &= 8 \times \Delta \text{ক্ষেত্র AOB-এর ক্ষেত্রফল} \\ &= 8 \times 0.795 \text{ বর্গমিটার} \\ &= 6.36 \text{ বর্গমিটার} \end{aligned}$$

নির্ণেয় অষ্টভুজের ক্ষেত্রফল 6.36 বর্গমিটার (প্রায়)।


প্রশ্ন ১৪ ॥ আয়তাকার একটি ফুলের বাগানের দৈর্ঘ্য 150 মিটার এবং প্রস্থ 100 মিটার। বাগানটিকে পরিচর্যা করার জন্য ঠিক মাঝ দিয়ে 3 মিটার চওড়া দৈর্ঘ্য ও প্রস্থ বরাবর রাস্তা আছে।

(ক) উপরের তথ্যটি চিত্রের সাহায্যে সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(খ) রাস্তার ক্ষেত্রফল নির্ণয় কর।

(গ) রাস্তাটি পাকা করতে 25 সে.মি. দৈর্ঘ্য এবং 12.5 সে.মি. প্রস্থবিশিষ্ট কয়টি ইটের প্রয়োজন হবে?

সমাধান : (ক) প্রদত্ত তথ্যের ভিত্তিতে আয়তাকার বাগানের চিত্র অঙ্কিত হলো :



আয়তাকার বাগানটির দৈর্ঘ্য 150 মিটার এবং প্রস্থ 100 মিটার। বাগানের মাঝ বরাবর দৈর্ঘ্য ও প্রস্থে দুইটি রাস্তা আছে যাদের প্রস্থতা 3 মিটার। রাস্তা দুইটি পরস্পর লম্বভাবে অবস্থিত।

$$\begin{aligned} \text{(খ) বাগানের দৈর্ঘ্য বরাবর রাস্তার ক্ষেত্রফল} &= (150 \times 3) \text{ বর্গমিটার} \\ &= 450 \text{ বর্গমিটার} \end{aligned}$$

$$\begin{aligned} \text{এবং বাগানের প্রস্থ বরাবর রাস্তার ক্ষেত্রফল} &= (100 - 3) \times 3 \text{ বর্গমিটার} \\ &= 291 \text{ বর্গমিটার} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{অতএব, রাস্তাদ্বয়ের ক্ষেত্রফল} &= (450 + 291) \text{ বর্গমিটার} \\ &= 741 \text{ বর্গমিটার} \end{aligned}$$

নির্ণেয় রাস্তার ক্ষেত্রফল 741 বর্গমিটার।

(গ) 'খ' হতে পাই, রাস্তার ক্ষেত্রফল 741 বর্গমিটার।

$$\text{দেওয়া আছে, ইটের দৈর্ঘ্য} = 25 \text{ সে.মি.} = 0.25 \text{ মি.}$$


$$\text{এবং প্রস্থ} = 12.5 \text{ সে.মি.} = 0.125 \text{ মি.}$$

$$\begin{aligned} \therefore \text{ইটের ক্ষেত্রফল} &= (0.25 \times 0.125) \text{ বর্গমিটার বা } 0.03125 \text{ বর্গমিটার} \\ &0.03125 \text{ বর্গমিটার রাস্তা পাকা করতে ইটের প্রয়োজন} \end{aligned}$$


$$\begin{aligned} &= \frac{741}{0.03125} \text{ টি} \\ &= 23712 \text{ টি} \end{aligned}$$

$\therefore$  রাস্তাটি পাকা করতে 23712টি ইট প্রয়োজন। (Ans.)

প্রশ্ন ১৫ ৥ বহুভুজ চিত্রে তথ্য অনুসারে এর ক্ষেত্রফল নির্ণয় কর।



সমাধান :



চিত্রে মাঝের ক্ষেত্রটি একটি বর্গক্ষেত্র যার প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 22 সে.মি.

$$\therefore \text{বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল} = (22)^2 \text{ বর্গ সে.মি. বা } 484 \text{ বর্গ সে.মি.}$$


বর্গক্ষেত্রটির চারপাশে চারটি সমান ক্ষেত্রফলবিশিষ্ট ত্রিভুজ আছে, যেখানে প্রত্যেক ত্রিভুজক্ষেত্রের ভূমি 22 সে.মি. এবং উচ্চতা 12 সে.মি.।

$$\begin{aligned} \therefore \text{চারটি ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল} &= 4 \times \frac{1}{2} \times 22 \times 12 \text{ বর্গ সে.মি.} \\ &= 528 \text{ বর্গ সে.মি.} \end{aligned}$$

সুতরাং চিত্রে ক্ষেত্রটির ক্ষেত্রফল = (484 + 528) বর্গ সে.মি.


$$= 1012 \text{ বর্গ সে.মি. (Ans.)}$$

প্রশ্ন ১৬ ৥ নিচের চিত্রের তথ্য থেকে এর ক্ষেত্রফল নির্ণয় কর।



সমাধান :

১ম চিত্রে :



মনে করি, ABCD একটি চতুর্ভুজ। যার AB = 4 সে.মি. CD = 2.4 সে.মি. এবং BC = 3 সে.মি.

C বিন্দু হতে AB এর উপর CE লম্ব টানি।

সুতরাং AE = CD = 2.4 সে.মি. হবে।

$$\therefore BE = AB - AE = (4 - 2.4) \text{ সে.মি.} = 1.6 \text{ সে.মি.}$$

এখন, সমকোণী ত্রিভুজ BCE হতে পাই,

$$BC^2 = BE^2 + CE^2$$

$$\text{বা, } 3^2 = (1.6)^2 + CE^2$$

$$\text{বা, } CE^2 = 9 - 2.56$$

$$\text{বা, } CE = \sqrt{6.44} \therefore CE = 2.538 \text{ সে.মি.}$$

$$\therefore \text{BCE ত্রিভুজের ক্ষেত্রফল} = \frac{1}{2} \times 1.6 \times 2.538$$

$$= 2.03 \text{ বর্গ সে.মি.}$$

এবং AECD চতুর্ভুজের ক্ষেত্রফল =  $2.4 \times 2.538$  বর্গ সে.মি.

$$= 6.091 \text{ বর্গ সে.মি.}$$


$\therefore$  ট্রাপিজিয়াম ABCD এর ক্ষেত্রফল

$$= \text{চতুর্ভুজ AECD এর ক্ষেত্রফল} + \text{BCE ত্রিভুজের ক্ষেত্রফল}$$

$$= (6.091 + 2.03) \text{ বর্গ সে.মি.}$$

$$= 8.121 \text{ বর্গ সে.মি. (Ans.)}$$

দ্বিতীয় চিত্রে :



চিত্র হতে পাই,

ABCD ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়  $AB = 25$  সে.মি.,

$DC = 20$  সে.মি. এবং সমান্তরাল বাহুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব

$AD = 12$  সে.মি.

$$\therefore \text{ABCD ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল} = \frac{1}{2} \times (AB + DC) \times AD$$

$$= \frac{1}{2} \times (25 + 20) \times 12 \text{ বর্গ সে.মি.}$$


$$= \frac{1}{2} \times 45 \times 12 \text{ বর্গ সে.মি.}$$

$$= 45 \times 6 \text{ বর্গ সে.মি.}$$

$$= 270 \text{ বর্গ সে.মি.}$$

[বি. দ্র. পাঠ্য বইয়ের চিত্রে AB বাহুর দৈর্ঘ্য 5 সে.মি. এর পরিবর্তে 25 সে.মি. ধরে সমাধান করা হয়েছে।]

৩য় চিত্রে :



মনে করি, ABCDE একটি পঞ্চভুজ।

$$\Delta ADE \text{ এর ক্ষেত্রফল} = \frac{\sqrt{3}}{4} (2)^2 [\because \Delta ADE \text{ সমবাহু বলে}]$$

$$= \frac{\sqrt{3}}{4} \times 4 = \sqrt{3} \text{ বর্গ সে.মি.}$$

$$= 1.732 \text{ বর্গ সে.মি.}$$

$\Delta ACD$  এ  $AD = 2$  সে.মি.

ধরি,  $CD = x$  তাহলে,  $\sin 30^\circ = \frac{x}{2}$

$$\text{বা, } \frac{1}{2} = \frac{x}{2} \text{ বা, } x = \frac{2}{2} \therefore x = 1$$

$\therefore CD = 1$  সে.মি.

$\therefore \Delta ACD$  এ  $AD^2 = CD^2 + AC^2$

$$\text{বা, } 2^2 = 1^2 + AC^2$$

$$\text{বা, } AC^2 = 4 - 1 = 3$$

$$\therefore AC = \sqrt{3} = 1.732$$

$\therefore \Delta ACD$  এর ক্ষেত্রফল  $= \frac{1}{2} \times 1.732 \times 1 = 0.866$  বর্গ সে.মি.

এখন,  $\Delta ABC$  এ ধরি,  $BC = y$

$$\sin 30^\circ = \frac{y}{1.732}$$

$$\text{বা, } \frac{1}{2} = \frac{y}{1.732}$$

